

রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৫৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৫৩]

(كتاب المقدمات) বিবিধ

পরিচ্ছেদঃ ১৫: আমলের রক্ষণাবেক্ষণ

(15) _ باب المحافظة على الأعمال

আরবী

وعن عمر بن الخطاب رضي الله عنه قال: قال رسول الله صلى الله عليه وسلم: " من نام عن حزبه من الليل، أو عن شيء منه فقرأه ما بين صلاة الفجر وصلاة الظهر، كتب له كأنما قرأه من الليل" (رواه مسلم).

বাংলা

আল্লাহ তা'আলা বলেন,

﴿ اَأَلَما يَأْانِ لِلَّذِينَ ءَامَنُوٓاْ أَن تَحْاشَعَ قُلُوبُهُما لِذِكارِ ٱللَّهِ وَمَا نَزَلَ مِنَ ٱلاَحَقِّ وَلَا يَكُونُواْ كَٱلَّذِينَ أُوتُواْ ٱلاَّكِتُبَ مِن قَبالُ فَطَالَ عَلَياتِهِمُ ٱلاَّأَمَدُ فَقَسَتا قُلُوبُهُماا ﴾ [الحديد: ١٦]

অর্থাৎ "যারা বিশ্বাস স্থাপন করেছে তাদের সময় কি আসেনি যে, আল্লাহর স্মরণে এবং যে সত্য অবতীর্ণ হয়েছে তাতে তাদের হৃদয় ভক্তি-বিগলিত হবে? এবং পূর্বে যাদেরকে কিতাব দেওয়া হয়েছিল তাদের মত তারা হবে না? বহুকাল অতিক্রান্ত হয়ে গেলে যাদের অন্তর কঠিন হয়ে পড়েছিল।" (সুরা হাদীদ ১৬ আয়াত)

তিনি আরো বলেন,

﴿ وَقَفَّيانَا بِعِيسَى ٱبانِ مَرااَيَمَ وَءَاتَيانَهُ ٱلاالِإنجِيلَ وَجَعَلانَا فِي قُلُوبِ ٱلَّذِينَ ٱتَّبَعُوهُ رَأَافَةٌ وَرَحامَةُ ال وَوَهَا بِعِيسَى ٱبانِيَّةً ٱبالَّذِينَ ٱللَّهِ فَمَا رَعُواهَا حَقَّ رِعَايَتِهَا ﴾ [الحديد: ٧٧]

অর্থাৎ "অতঃপর আমি তাদের অনুগামী করেছিলাম আমার রাসূলগণকে এবং অনুগামী করেছিলাম মারয়্যাম তনয় ঈসাকে আর তাকে দিয়েছিলাম ইঞ্জীল এবং তার অনুসারীদের অন্তরে দিয়েছিলাম করুণা ও দয়া; কিন্তু সয়্যাসবাদ এটা তো তারা নিজেরা প্রবর্তন করেছিল, আল্লাহর সম্ভৃষ্টি লাভের বিধান ছাড়া আমি তাদেরকে এ (সয়্যাসবাদে)র বিধান দিইনি; অথচ এটাও তারা যথাযথভাবে পালন করেনি।" (সূরা হাদীদ ২৭ আয়াত)



তিনি আরো বলেন.

অর্থাৎ "তোমরা সে নারীর মত হয়ো না, যে তার সুতা মজবুত করে পাকাবার পর ওর পাক খুলে নষ্ট করে দেয়।" (সূরা নাহল ৯২ আয়াত)

তিনি অন্যত্রে বলেছেন,

অর্থাৎ ''আর তোমার মৃত্যু উপস্থিত হওয়া পর্যন্ত তুমি তোমার রবের ইবাদত কর।'' (সূরা হিজর ৯৯ আয়াত)

এ মর্মের অন্যতম হাদীস আয়েশা রাদিয়াল্লাহু □আনহ-র হাদীস, "সেই আমল তাঁর নিকট প্রিয়তম ছিল, যা তার আমলকারী লাগাতার করে থাকে।" যা পূর্ববর্তী পরিচ্ছেদে গত হয়েছে।

১/১৫৭। উমার ইবনু খাত্তাব রাদিয়াল্লাহু 'আনহু বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, ''যে ব্যক্তি তার রাতের অযীফা (নামায বা তেলাওয়াত ইত্যাদি) রেখে ঘুমিয়ে যায়, অতঃপর সে তা ফজর ও যোহরের মধ্য সময়ে পড়ে নেয়, তাহলে তার জন্য রাতে পড়ার মতই (সওয়াব) লেখা হয়।''[1]

English

(15) Chapter: Righteous Conduct on a Regular Basis

'Umar bin Al-Khattab (May Allah be pleased with him) reported:

Messenger of Allah () said, "Should anyone fall asleep at night and fail to recite his portion of the Qur'an, or a part of it, if he recites it between the Fajr prayer and the Zuhr prayer, it will be recorded for him as though he had recited it during the night".

[Muslim]

ফটনোট

[1] মুসলিম ৭৪৭, তিরমিয়ী ৪০৩, নাসায়ী ১৭৯০, ১৭৯১, ১৭৯২, আবূ দাউদ ১৩১৩, ইবনু মাজাহ ১৩৪৩, আহমাদ ২২০, ৩৭৯, ৪৫,মুওয়াত্তা মালেক -৪৭০, দারেমী ১৪৭৭

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন